



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrast.gov.bd



নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮- ৫১৯৬(৪)


তারিখ: ১৭ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
৩১ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর মার্চ ২০১৯ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।
সভার তারিখ: : ২৭ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ; বুধবার সময় সকাল: ১১.৩০ মিনিট।
স্থান: : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সভা কক্ষ (কক্ষ নং-২১৫)।
সভাপতি: : এ.বি.এম. জাকির হোসাইন, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
সভার উপস্থিতি: : পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ নৈতিকতা কমিটির বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ: সদস্য-সচিব, গত ২৬ ডিসেম্বর, ২০১৮খ্রি, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে।	গত ২৬ ডিসেম্বর, ২০১৮ খ্রি, তারিখের সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
২.২	ট্রাস্টের অর্জিত সাফল্য ও অন্তরায় চিহ্নিতকরণসহ এর অগ্রগতি পর্যালোচনা: সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের সামগ্রিক সাফল্য ও অন্তরায়সমূহ সভায় উপস্থাপন করে বলেন যে, জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের বিধান রয়েছে এবং প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিতভাবে প্রেরণ করা যেতে পারে। তিনি আরো জানান যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হওয়ার পাশাপাশি সকল প্রকার কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারীগণ আলোচ্য বিষয়গুলো বাস্তবায়নের ব্যাপারে সহমত পোষণ করেন।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর কার্যক্রম পরিস্ফুটিতভাবে সম্পাদনের লক্ষ্যে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা নিয়মিত অব্যাহত এবং প্রতি মাসে সুবিধাজনক সময়ে কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে অন্তত ০১ টি প্রশিক্ষণ/প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও সহকারী পরিচালক (প্রশাসন, অর্থ ও হিসাব)
২.৩	বিবিধ: সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব সভাকে আরো অবহিত করেন যে, প্রতিষ্ঠানে সিটিজেন চার্টার ও স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন করা প্রয়োজন। সভাপতি সভাকে বলেন যে, প্রতিষ্ঠানের নির্ধারিত স্থানে সিটিজেন চার্টার স্থাপন করতে হবে। ট্রাস্টের সকল কর্মকর্তা-কর্মচারীকে কাজের প্রতি আন্তরিক হয়ে কাজ করতে হবে এবং যথাযথভাবে দায়িত্ব-কর্তব্য পালনের জন্য সঠিক সময়ে কর্মস্থলে আসা-যাওয়ার প্রতি দৃষ্টি রাখতে হবে।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর নির্ধারিত স্থানে জরুরীভিত্তিতে সিটিজেন চার্টার স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও সহকারী পরিচালক (প্রশাসন)

৩.০ সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এ.বি.এম. জাকির হোসাইন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ও সভাপতি, নৈতিকতা সংক্রান্ত কমিটি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০০৪২৩
e-mail: md@pmedutrast.gov.bd

বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ২। উপ-পরিচালক (উপ-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (উপবৃত্তি/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮-৫১৯৬(৪)/৫

তারিখ: ১৭ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
৩১ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৫। অফিস কপি।



(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ফোন: ০২-৯১২২২৫২৪

e-mail: ad.planning@pmedutrust.gov.bd